



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার  
sreemongal.moulvibazar.gov.bd

স্মারক নং-৪১.০১.৫৮৮৩.০০০.০৪.১৪৫.২১.৩০০

তারিখ:-০২ সেপ্টেম্বর ২০২১

### উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে দোকান ভাড়া বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলার কক্ষসমূহ দোকান হিসেবে ভাড়া দেওয়ার নিমিত্তে সীলমোহরকৃত খামে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০১	আবেদন ফরম বিক্রয়ের/বিতরণের তারিখ, সময় ও স্থান	১২/০৯/২০২১ হতে ২৯/০৯/২০২১ (অফিস চলাকালীন সময়) উপজেলা সমাজসেবা কার্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
০২	আবেদন ফরম জমাদানের শেষ তারিখ, সময় ও স্থান	৩০/০৯/২০২১ (দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত) উপজেলা সমাজসেবা কার্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
০৩	আবেদন ফরম জমাকৃত বাস্তব খোলার তারিখ, সময় ও স্থান	৩০/০৯/২০২১ (বিকাল ৩.০০ ঘটিকা) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
০৪	দোকান ভাড়ার সময়সীমা	বরাদ্দ প্রদানের তারিখ হতে ০১ (এক) বছর
০৫	দোকান ভাড়ার পরিমাণ ও জামানত	১ম তলার দোকান প্রতি ন্যূনতম ভাড়া ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং জামানত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা। ২য় তলার দোকান প্রতি ন্যূনতম ভাড়া ২,০০০/- (দুই হাজার) টাকা এবং জামানত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।
০৬	আবেদনপত্রের মূল্য	৫০০/- (অফেরতযোগ্য)

#### শর্তাবলী :

- ১) আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ আয়কর রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি (যদি থাকে), হালনাগাদ মূল্য সংযোজন কর (ভ্যাট) রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটের মূলকপি জমা দিতে হবে।
- ২) যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর অনুকূলে জামানতের টাকা আবেদনপত্রের সহিত অবশ্যই সংযুক্ত করতে হবে।
- ৩) প্রতি বছর কর্তৃপক্ষ ভাড়া ও জামানত পুনঃ নির্ধারণ করবেন।
- ৪) বরাদ্দকৃত দোকানে আইন বিরোধী, রাজি বিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৫) স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী ব্যক্তি/পরিবারের কেউ দোকান ভাড়া নিতে পারবেন না।
- ৬) ০১ (এক) টি আবেদন ফরমে শুধুমাত্র ০১ (এক) টি দোকান ভাড়া নেয়ার জন্য আবেদন করা যাবে।
- ৭) কর্তৃপক্ষ হতে সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বা দাখিলকৃত কোন কাগজ অসত্য/জাল পাওয়া গেলে অথবা আবেদনের শর্তসমূহ পূরণ করতে অপারগ হলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।
- ৮) প্রতিটি দোকানের বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত দরদাতাকে অগ্রাধিকার ভিত্তিতে দোকান বরাদ্দ দেয়া হবে। এক্ষেত্রে, সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের নির্বাচন করা হবে।
- ৯) প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে ভাড়া পরিশোধ করতে হবে। পর পর ০৩ (তিন) মাস ভাড়া প্রদানে ব্যর্থ হলে, কোনরূপ কারণ দর্শানো ছাড়াই বরাদ্দ বাতিল এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১০) বিদ্যুৎ বিল ও উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি দ্বারা নির্ধারিত হবে, বিদ্যুৎ বিল সহ অন্যান্য ইউটিলিটি বিল স্ব স্ব দোকান বরাদ্দ গ্রহণকারীকে পরিশোধ করতে হবে।
- ১১) কোন অবস্থাতেই ভাড়াটিয়া নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে এ দোকান ব্যবহার করতে পারবে না এবং ভাড়া কৃত দোকান অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর বা ব্যবহারের জন্য পুনঃবরাদ্দ/ ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না।
- ১২) প্রয়োজন মোতাবেক কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন, বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(নজরুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার


ও

আহ্বায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ২। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৫। একান্ত সচিব, সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ ঢাকা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। উপজেলা ----- কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৮। ....., সদস্য, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৯। সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সম্পাদক, দৈনিক খোলাচিঠি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। বিজ্ঞপনটি আগামী ০৪/০৯/২০২১ তারিখের মধ্যে আপনার পত্রিকার ভিতরের পাতায় সাত্তর কলামে ০১ (এক) দিনের জন্য প্রচার করে ০২ (দুই) কপি পত্রিকার বিল সহ দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ১১। নোটিশ বোর্ড।
- ১২। অফিস কপি।



(নজরুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও

আস্থায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।